কালের কণ্ঠ

তারিখ 28 JUN 2017
পৃষ্ঠা ৩১ কলাম ৫

# ৩১৫ মডেল বিদ্যালয় পেল ৪৩৬টি করে বই

নিজস্ব প্রতিবেদক ▷

দেশের ৩১৫ মডেল বিদ্যালয়ের লাইব্রেরি সমৃদ্ধ করতে প্রতিটিকে ৪৩৬টি করে বই দেওয়া হলো। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল সোমবার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে প্রধান শিক্ষকদের হাতে এই বই তুলে দেন। শিক্ষকরা জানান, মডেল বিদ্যালয়কে বিভিন্ন ধরনের সুবিধা দেওয়া হলেও তাদের লাইব্রেরি সমৃদ্ধ ছিল না। এবার প্রতিটি বিদ্যালয়কে ৪৩৬টি করে বই দেওয়ায় তাদের সেই অভাব দূর হলো।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন এবং ৩১৫ মডেল বিদ্যালয়ের প্রকল্প পরিচালক কে এম রফিকুল ইসলাম বক্তব্য দেন।

শিক্ষামন্ত্রী বলেন, প্রতিটি উপজেলায় একটি করে বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে মডেল বিদ্যালয়ে রূপান্তর করা হয়েছে। এ প্রকল্পের আওতায় ৩১২টি বিদ্যালয়ে তিনতলাবিশিষ্ট ভবন নির্মাণ করা হয়েছে এবং মাল্টিমিডিয়া ক্লাসরুমসহ আধুনিক সরঞ্জামাদি ও আসবাবপত্র সরবরাহ করা হয়েছে। এ প্রকল্পে ৫২২ কোটি ৬৭ লাখ টাকা ব্যয় হয়েছে। এবার প্রতিটি বিদ্যালয়ের জন্য এক লাখ ২৮ হাজার টাকার বই সরবরাহ করা হলো।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদেরই প্রধান ভূমিকা পালন করতে হবে। নিবেদিতপ্রাণ হয়ে শিক্ষাদান করে নৈতিক মূল্যবোধসম্পন্ন পরিপূর্ণ মানুষ সৃষ্টি করতে হবে।

কে এম রফিকুল ইসলাম বলেন, 'একটি মডেল বিদ্যালয়ের জন্য একটা সমৃদ্ধ লাইব্রেরি থাকা খুবই জরুরি। এতে শিক্ষার্থীরা পাঠ্য বইয়ের বাইরের জ্ঞানও লাভ করতে পারবে। মডেল বিদ্যালয়ের লাইব্রেরি দেখে অন্য বিদ্যালয়গুলোও এ থেকে অনুপ্রাণিত হতে পারবে। মন্ত্রী মহোদয়ও চেয়েছেন মডেল বিদ্যালয় যেন সত্যিকারের মডেল হয়। এ জন্যই এই বই বিতরণ।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর